



## **ALL INDIA RADIO SILCHAR**

### **MORNING NEWS BULEETIN**

### **BENGALI**

**11 MAY 2024**

**7:35—7:40 AM IST**

---

দেশের ১০ টি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৯৬ টি লোকসভা আসনের চতুর্থ পর্যায়ের নির্বাচনের প্রচার অভিযান আজ বিকেলে শেষ হচ্ছে। আগামী ১৩ই মে চতুর্থ পর্যায়ের ভোট গ্রহণ করা হবে। বিজেপির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ওড়িশ্যায় নির্বাচনী জনসভা, রোড শো-তে অংশগ্রহণ করবেন। বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা গতকাল হরিয়ানায় একটি রোড শো-তে অংশগ্রহণ করেন। আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল পশ্চিমবঙ্গের ব্যারাকপুরে নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করেন। এদিকে কংগ্রেস নেতা রাহুল গান্ধী এবং সমাজবাদী দলের অধ্যক্ষ অখিলেশ যাদব উত্তরপ্রদেশের কনৌজে নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন।

---

কাজিরাস্তা উদ্যান আগামী ১৫ই মে থেকে দেশী বিদেশী পর্যটকদের জন্য বন্ধ রাখা হবে। গত বছরের ১৫ ই অক্টোবর পর্যটকদের জন্য উদ্যান খুলে দেওয়া হয়েছিল। এদিকে গত পয়লা মে থেকে উদ্যানটিতে হাতী সাফারী বন্ধ করা হয়েছে। উল্লেখ্য ২০২৩-২৪ পর্যটন বর্ষে কাজিরাস্তা

জাতীয় উদ্যান পূর্বের সব রেকর্ড ভঙ্গ করতে সক্ষম হয়েছে। চলতি পর্যটন বর্ষে এপর্যন্ত ৩০ হাজার ৯১৯ জন বিদেশী পর্যটক সহ ৩ লক্ষ ২৭ হাজার ৪৯০ জন পর্যটক কাজিরাঙ্গা ভ্রমণ করেছেন বলে উদ্যান কর্তৃপক্ষ জানিয়েছে। এই সময়ে উদ্যান কর্তৃপক্ষ ৮ কোটি ৮০ লক্ষ টাকার রাজস্ব সংগ্রহ করেছে।

---

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল শিলচরে জেলায় বন্যা পরিস্থিতি মোকাবিলায় গৃহিত পদক্ষেপ নিয়ে একটি পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। জেলার অতিরিক্ত আয়ুক্ত যুবরাজের বড়ঠাকুরের পৌরহিত্যে আয়োজিত সভায় বন্যা পরিস্থিতি মোকাবিলায় অতীতের অভিজ্ঞতার ভিত্তিতে এবং প্রাক প্রস্তুতি ও পরিকল্পনা গ্রহণ করতে সংশ্লিষ্ট বিভাগগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে। বৈঠকে শ্রী বড়ঠাকুর নদীর সুইস গেইট গুলির মেরামতি ও খাদ্য সামগ্রী পর্যাপ্ত পরিমাণে মজুদ করে রাখারও নির্দেশ দিয়েছেন।

---

করিমগঞ্জের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের পক্ষ থেকে সোয়াইন ফ্লু প্রতিরোধে কিছু সর্বকর্তামূলক নির্দেশিকা জারী করা হয়েছে। বিভাগ থেকে জানানো হয়েছে যে সংক্রমণের ঝুঁকি কমাতে শুকর থাকার স্থানে পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে। শুকর পালনের সাথে যুক্ত কৃষক এবং ব্যক্তিদের যথাযথ টীকা প্রদান করতে হবে। এছাড়া সংক্রমণের মাত্রা প্রতিরোধ করার জন্য রোগীকে পৃথকভাবে রেখে চিকিৎসা করা সহ চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের রোগীর চিকিৎসা করার সময় মাস্ক, চশমা, এপ্রোন, গ্লাভস পরিধান করতে হবে। সংক্রমিত রোগীদের চিকিৎসা করার পর চিকিৎসক, স্বাস্থ্য কর্মী সহ প্রত্যেক ব্যক্তিকে হাত-পা ভালভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করে ধুয়ে নিতে বলা হয়েছে।

---

আসাম প্রদেশ কংগ্রেস কমিটির পক্ষ থেকে আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদের দ্বারা পরিচালিত দ্বাদশ শ্রেণীর চূড়ান্ত বর্ষের পরীক্ষায় কাছাড় জেলার কয়েকশ ছাত্র-ছাত্রী ইংরেজী বিষয়ের পরীক্ষায় উপস্থিত থাকার পরও অনুপস্থিত দেখানোয় উদ্বেগ প্রকাশ করা হয়েছে। দলের রাজ্য কমিটির মুখপাত্র সঞ্জীব রায় এক প্রেস বিজ্ঞপ্তিতে অবিলম্বে ছাত্র-ছাত্রীদের ভবিষ্যতের কথা বিবেচনা করা শিক্ষামন্ত্রী ও মূখ্যমন্ত্রীকে বিষয়টিতে হস্তক্ষেপ করে সমস্যা সমাধানের দাবী জানিয়েছেন।

---

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র আসাম রাজ্য কমিটির সহ-সভাপতি পল্লব পেগুর নেতৃত্বে গতকাল এক প্রতিনিধি দল গৌহাটীতে আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা সংসদের পরীক্ষা নিয়ন্ত্রক পংকজ বড়ঠাকুরের সাথে দেখা করে উচ্চতর মাধ্যমিক পরীক্ষার ঘোষিত ফলাফলের ত্রুটি সহ মার্কশিটের ত্রুটি সংশোধনের দাবী জানানো হয়েছে ।

---

শিলচরের রবি ধারা সঙ্গীত চর্চা কেন্দ্রের উদ্যোগে আগামীকাল শিলচর বঙ্গভবনে কনিগুরু রনীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩ তম জন্ম বার্ষিকী উপলক্ষ্যে কবি প্রণাম শত কণ্ঠে সহস্র কণ্ঠ অনুষ্ঠান পরিবেশিত হবে। উল্লেখ্য এই অনুষ্ঠানটি শিলচর সহ দেশের ১১ টি প্রেক্ষাগৃহে এক সঙ্গে, একই সময়ে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠান শুরু হবে সকাল ১০ টায়।

---

করিমগঞ্জ পৌরসভার কার্যবাহী আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে করিমগঞ্জ পৌর এলাকায় ব্যবসায়িক প্রতিষ্ঠান ও জনসাধারণ ১২০ মাসের নিচের ঘনত্বের পলিথিন ব্যাগ ব্যবহার করছেন যা ২০২১ সালের সংশোধিত প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট ধারা অনুসারে সমগ্র দেশে ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ । এ ধরনের প্লাস্টিক স্বাস্থ্যের জন্য ক্ষতিকর এবং সহজে পুনর্ব্যবহারযোগ্য নয় । এর পরিপ্রেক্ষিতে করিমগঞ্জ পৌরসভা থেকে ব্যবসায়ী , ব্যবসায়িক গোষ্ঠী ও নাগরিকদের এধরনের পলিথিন ব্যবহার না করতে আহ্বান জানানো হয়েছে অন্যথায় সংশ্লিষ্ট আইন অনুযায়ী জরিমানা আদায় করা হবে ।

---

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামীকাল শিলচর তরনী রোডে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

আসাম সিনিয়ৰ বেডমিন্টন ক্লাবৰ উদ্যোগে আজ থেকে গৌহাটীতে তিনদিনব্যাপী অষ্টম উত্তৰপূৰ্ব সিনিয়ৰ বেডমিন্টন চ্যাম্পিয়নশিপ আৰম্ভ হয়েছে। আজ সকাল থেকে বিভিন্ন শাখাৰ খেলাগুলি অনুষ্ঠিত হয়। নেহেৰু ষ্টেডিয়ামেৰ তৰুনৰাম ফুকন ইভেৰ ষ্টেডিয়ামে অনুষ্ঠিত প্রতিযোগীতায় উত্তৰপূৰ্ব সহ নেপাল ও ভূটানেৰ খেলোয়াৰৰা অংশ গ্ৰহণ করেছে। আজ সন্ধ্যায় আসাম পুলিশেৰ বিশেষ সঞ্চালক প্রধান হৰমিত সিং প্রতিযোগীতাটি আনুষ্ঠানিকভাৰে উদ্বোধন করেন।

---

---

সমাপ্ত